# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 MARCH 2026                    7:45—7:55**

---

১) মধ্য প্রাচ্যে সৃষ্টি হোয়া পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সম্ভাব্য সংকট থেকে পরিত্রাণের জন্য প্রধানমন্ত্রীর রাজ্যগুলিকে সহযোগীতার আহ্বান ।

২) বিধানসভা নির্বাচনের মনোনয়নপত্রগুলির আজ বৈধতা পরীক্ষা । হাইলাকান্দি জেলার দুটি আসনের মধ্যে হাইলাকান্দি বিধানসভা আসনের ১২ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ তবে আলগাপুর - কাটলীছড়া আসনের ২০ টি মনোনয়নপত্রের মধ্যে তিনটি বাতিল ।

৩) ৫ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিব , মুখ্য নির্বাচনী আধিকারিক , পুলিশ সঞ্চালক প্রধান তথা প্রবীন আধিকারকদের সংগে নির্বাচন কমিশনের পর্যালোচনা বৈঠক ।

এবং

৪) সমগ্র রাজ্য তথা বরাক উপত্যকায় নির্বাচনী প্রচার অভিযান ক্রমশ জোরদার ।

--------------------------------------------------------------------------------

মধ্যপ্রাচ্যে সৃষ্টি হওয়া পরিস্থিতির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রতিটি রাজ্যকে সম্ভাব্য যেকোন সংকট থেকে পরিত্রাণ পেতে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন । আজ রাজ্য সভায় প্রদত্ত ভাষণে শ্রী মোদী বলেন যে তিন সপ্তাহেরও বেশী সময় ধরে অব্যাহত থাকা মধ্যপ্রাচ্যের যুদ্ধের ফলে ভারতের ব্যবসায়িক ক্ষেত্রে প্রভাব পড়েছে । অপরিষোধিত তেল , গ্যাস ইত্যাদি আমদানি ক্ষেত্রেও প্রভাবিত হচ্ছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । হরমুজ প্রণালীতে বিভিন্ন দেশের জাহাজ আবদ্ধ হয়ে আছে বলে উদ্বেগ প্রকাশ করে শ্রী মোদী বলেন যে এই জাহাজগুলোতে ভারতের বহু সদস্য কর্মী হিসেবে রয়েছে । এই ক্ষেত্রে সবাইকে সংযম এবং পারস্পরিক সহযোগিতা রক্ষা করে চলার আহ্বান জানান তিনি ।

বাইট

প্রধানমন্ত্রী বলেন যে পশ্চিম এশিয়ার প্রতি লক্ষ্য রেখে দেশে প্রয়োজনীয় গ্যাস এবং তেলের মজুত অটুট রাখতে বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে । প্রধানমন্ত্রী গতকাল লোকসভায় মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে এক বিবৃতিতে এই বিষয়ে প্রকাশ করেন । যুদ্ধকালীন পরিস্থিতিতে ভারতে পেট্রলিয়ামজাত সামগ্রীর সংকট উদ্বেগজনক বলে অভিহিত করে সুদূরপ্রসারী পরিস্থিতির জন্য দেশকে প্রস্তুত থাকতে হবে বলে প্রধানমন্ত্রী জানান ।দেশে বর্তমানে ৫৩ লক্ষ মেট্রিকটন পেট্রলিয়াম মজুত রয়েছে এবং এই ভান্ডার ৬৫ লক্ষ মেট্রিকটনে বৃদ্ধি করার লক্ষ্য ধার্য করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।দেশের শোধন ক্ষমতা বৃদ্ধি করার জন্য সমান্তরালভাবে অপরিষোধিত তেলের মজুতের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে বলেও প্রধানমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের জন্য দাখিল হোয়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করা হচ্ছে । হাইলাকান্দি জেলায় জেলা প্রশাসনের তত্ত্বাবধানে আজ মনোনয়নপত্রের পরীক্ষা সম্পন্ন হয়েছে। জেলার ১২১ নম্বর হাইলাকান্দি বিধানসভা আসনে মনোনয়ন জমা দেওয়া মোট ১২ জন প্রার্থীর কাগজ পত্র যাচাই করার পর বৈধ বলে ঘোষনা করা হয়েছে । এই আসনে সব প্রার্থীরাই নির্বাচনে অংশ নিতে পারবেন ।এদিকে ১২২ নম্বর আলগাপুর - কাটলীছড়া বিধানসভা আসনে জমা পড়া ২১ টি মনোনয়নপত্রের মধ্যে তিনটি বাতিল করা হয়েছে । বাতিল হোয়া প্রার্থীরা হলেন বিনয় কুমার রায় , ফরিদুল ইসলাম তাপাদার এবং মুজিব আহমেদ চৌধুরী ।

---------------------------------------------------------------------------------------

নির্বাচন অনুষ্ঠেয় ৫ টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলোতে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য সীমান্ত বন্ধ করে দেওয়ার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় । নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠেয় পাঁচটি রাজ্য সহ এই রাজ্যগুলোর পার্শবর্তী ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিব , মুখ্য নির্বাচনী আধিকারীক , পুলিশ সঞ্চালক প্রধান তথা প্রবীণ আধিকারীকদের সঙ্গে আজ পর্যালোচনা বৈঠকে মিলিত হয় । বৈঠকে নির্বাচনী প্রস্তুতি , সমন্বয় বৃদ্ধি , এবং হিংসা , হুমকী প্রলোভন মুক্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত করার জন্য পরিস্থিতির পর্যালোচনা করা হয় । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার নির্বাচন কমিশনার ডঃ এস এস সান্ধু , এবং ডঃ বিবেক যোশীর সঙ্গে বিধানসভা

নির্বাচন অনুষ্ঠেয় রাজ্যগুলির আইন শৃঙ্খলা পরিস্থিতি, ব্যায় ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের জন শাসক ও বিরোধী উভয় পক্ষ প্রচার অভিযান তীব্র করে তুলেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ ভবানীপুর - সরভোগ আসনের প্রার্থী রঞ্জিত কুমার দাসের সমর্থনে প্রচার চালাতে প্রায় ২৫ কিলমিটারব্যাপী জন আশীর্বাদ যাত্রায় অংশ গ্রহণ করেন ।

একইভাবে কংগ্রেসের নেতা সমর্থকরা ও রাজ্যের বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচার অব্যাহত রেখেছেন । দলের প্রবীন নেতা রিপুন বরা , দেবব্রত শইকীয়া ও মীরা বরঠাকুর নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । প্রদেশ কংগ্রেসের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে সাংসদ রাহুল গান্ধী , প্রিয়াংকা গান্ধী ও এ আই সিসির সভাপতি আসামে আসবেন । কংগ্রেস সূত্রে জানানো হয়েছে যে রাজ্যের বিভিন্ন প্রান্তে এ আই সি সির বেশ কয়েকজন শীর্ষ নেতা দলটির হয়ে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করা সহ রাহুল গান্ধী নির্বাচনী ইস্তাহার প্রকাশ করবেন ।

কামরুপ জেলার হাজো - শুয়ালকুচি বিধানসভা আসনে বিজেপি দলের নির্বাচনী সভায় এন ডি এ সমর্থিত প্রার্থী অগপর প্রকাশ দাসের সমর্থনে নির্বাচনী প্রচার চালানো হয় ।

বরাক উপত্যকার তিন জেলায় ও বিধানসভা নির্বাচনের প্রচার অভিযান ক্রমশ জোরদার হচ্ছে । কাছাড় জেলার সবকটি আসনে দলীয় প্রার্থীদের হয়ে ক্ষমতাসীন ও বিরোধীদলের নেতা সমর্থকরা প্রচার চালিয়ে যাচ্ছেন ।

শিলচরের তারাপুরে আজ সাংসদ পরিমল শুক্লবৈদ্য বিজেপি দলের শিলচর আসনের প্রার্থী রাজদীপ রায়ের সমর্থনে প্রচার অভিযানের অংশ হিসেবে দলীয় প্রার্থীদের সংগে মিলিত হয়ে প্রচার অভিযান তীব্র করে তুলতে আহ্বান জানান ।

ধলাই বিধানসভা আসনের বিজেপি প্রার্থী অমিয় কান্তি দাস নির্বাচনী প্রচারে সময় ধলাইবাসীর উন্নয়নে অংগীকারবদ্ধ বলে প্রকাশ করেন । কাটীগড়ায় বিজেপি প্রার্থী কমলাক্ষ দে পুরকায়স্থ আজ কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ভারতীয় জনতা পার্টির চারটি মন্ডলের মোর্চার পদাধিকারীদের নিয়ে একটি গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হন । শ্রী পুরকায়স্থ কাটীগড়ার সর্বাংগীন উন্নয়নে ঐক্যবদ্ধভাবে তারা কাজ করে যাবেন বলে ভাষনে উল্লেখ করেন ।

---

হাইলাকান্দি আসনের বিজেপি প্রার্থী ডঃ মিলন দাস আজ রাজ্যশ্বরপুর মন্ডলের বিভিন্ন এলাকায় ব্যাপক প্রচার চালান । তিনি একাধিক ছোট ছোট সভা করে ভোটদাতাদের মন জয় করার প্রয়াস করেন । অন্যদিকে এই আসনের কংগ্রেস প্রার্থী রাহুল রায় আজ জেলা কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন । সেখানে তিনি বিজেপি প্রার্থীর সমালোচনা করে আসন্ন নির্বাচনে নিজের জয়ের ব্যাপারে পূর্ণ আস্থা ব্যাক্ত করেন ।

এদিকে আলগাপুর-কাটলিছড়া আসনের অগপ প্রার্থী রতনপুর এলাকায় একটি নির্বাচনী সভায় যোগ দেন । এই আসনের নির্দল প্রার্থী সুজাম উদ্দিন লস্কর ও নিজাম উদ্দিন চৌধুরীও আজ বিভিন্ন এলাকায় নির্বাচনী প্রচার চালান ।

---

বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে শ্রীভূমি জেলায় নির্বাচনী প্রচার জোর গতিতে চলছে । বিজেপি , অসম গণ পরিষদ , কংগ্রেস , এ আই ইউ ডি এফ সহ নির্দল প্রার্থীরা বিভিন্ন স্থানে প্রচার অভিযান শুরু করেছেন । শ্রীভূমি জেলা বিজেপি কার্যালয়ে আজ এক সভা অনুষ্ঠিত হয়েছে ।বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে সভায় নির্বাচন ব্যবস্থাপনা কমিটির অধ্যক্ষ কৃষ্ণ দাস , প্রাক্তন রাজ্যসভা সাংসদ মিশন রঞ্জন দাস সহ দলের অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে পাথারকান্দি ও রামকৃষ্ণনগর বিধানসভা আসনের সাধারন পর্যবেক্ষক ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক বিনোদ ভি আর আজ আর্দশ আচরন বিধি সেল সহ বিভিন্ন সেল পরিদর্শন করেন । পরিদর্শনকালে পর্যবেক্ষকের সঙ্গে শ্রীভূমি জেলার নির্বাচনী আধিকারীক রৌসিনুল আলমও উপস্থিত ছিলেন । সাধারন পর্যবেক্ষক জেলার প্রতিটি সেলের কাজকর্ম খতিয়ে দেখে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন । উল্লেখ্য স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে নির্বাচন কমিশন থেকে এম সি এম সি কমিটি গঠন করা হয়েছে এবং এই কমিটি নিয়মিত প্রিন্ট , ইলেকট্রনিক ও সামাজিক মাধ্যমের পেইড নিউজের উপর নজরদারী রাখছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীকে সভাপতি মনোনীত করে অতিরিক্ত আয়ুক্ত সপ্তুতী এন্দো , সহকারী আয়ুক্ত অন্বেষা খেরসা এবং বিশিষ্ট সাংবাদিক চন্দন রায়কে কমিটিতে রাখা হয়েছে ।

---

এদিকে শ্রীভূমি জেলায় মদ্যপান তথা বিক্রয় নিষিদ্ধ করে ড্রাই ডে ঘোষনা করা হয়েছে । জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলা জুড়ে সমস্ত মদের দোকান ও গুদাম আগামী ৭ই এপ্রিল বিকেল পাঁচটা থেকে ৯ই এপ্রিল বিকেল পাঁচটা পর্য্যন্ত মোট ৪৮ ঘন্টার জন্য বন্ধ থাকবে বলে ঘোষনা করেছেন । পাশাপাশি ভোট গণনার দিন আগামী চৌঠা মে ভোট গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্য্যন্ত পুরো দিন ড্রাই ডে হিসেবে ঘোষনা করা হয়েছে । নির্দেশ অমান্য করলে আবগারী আইন ও নিয়মাবলী এবং ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১৩৫ (সি) ধারা অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শ্রীভূমি জেলায় বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে যুবা ভোটারদের মধ্যে ভোটদান প্রক্রিয়ায় অংশ গ্রহনের জন্য সচেতনতা গড়ে তুলতে ভোটার সচেতনতা সেল থেকে জেলার বিভিন্ন স্থানে সচেতনতা কার্যসূচী পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে গতকাল পাথারকান্দি কলেজের উদ্যোগে এবং এস ভি পি সেলের পরিচালনায় কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে - ভোটাধিকারের গুরুত্ব এবং গনতন্ত্রে যুব সমাজের ভূমিকা শীর্ষক বিষয়ের উপর কুইজ ও বির্তক প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে । এছাড়াও গতকাল করিমগঞ্জ কলেজ ও রবীন্দ্র সদন কলেজে অনুরূপ সচেতনতা কার্যক্রম অনুষ্ঠিত হয় ।

---

শ্রীভূমি জেলার পুলিশ গতকাল রাতে গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে পাথারকান্দি থেকে প্রায় ১০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে । পুলিশ পাথারকান্দি থানার অর্ন্তগত টুকের বাজার এলাকায় একটি স্কুটিতে তল্লাশি চালিয়ে ইয়াবা ট্যাবলেটগুলি উদ্ধার করে । উদ্ধার হওয়া ট্যাবলেটের বাজার মূল্য আনুমানিক ৫০ লক্ষ টাকা হবে বলে জানা গেছে । পুলিশ ঘটনার সঙ্গে যূক্ত থাকার অভিযোগে একজন যুবককে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---